



নেত্রকোণা বিশ্ববিদ্যালয়
নেত্রকোণা-২৪০০, বাংলাদেশ
পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর
Phone: +8802997735019

নম্বর: ৩৭.০১.৭২০১.০০০.০০৯.৩১.০০০৩.২৩.১৩৮

২০ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
তারিখ: ০৫ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: অর্থনীতি বিভাগের ২০২২-২৩ শিক্ষাবর্ষের এম.এস.এস (মাস্টার্স) ২য় সেমিস্টার ফাইনাল পরীক্ষা-২০২৩ এর সময়সূচি
পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অর্থনীতি বিভাগের ২০২২-২৩ শিক্ষাবর্ষের এম.এস.এস (মাস্টার্স) ২য় সেমিস্টার ফাইনাল পরীক্ষা-২০২৩ নিম্নলিখিত তারিখ ও সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিশেষ প্রয়োজনে এই পরীক্ষার সময়সূচি পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করে।

পরীক্ষার সময়সূচি

| Date & Day | Time | Course Code | Course Title | Center |
|-------------------------|--------------------|-------------|-------------------------------|--------|
| 09/11/2025 Sunday | 1.00 pm - 05.00 pm | ECO-509 | Advanced Microeconomic | 404(B) |
| 12/11/2025 Wednesday | 1.00 pm - 05.00 pm | ECO-510 | Advanced Macroeconomic | 404(B) |
| 15/11/2025 Saturday | 1.00 pm - 05.00 pm | ECO-511 | Development Economics II | 404(B) |
| 18/11/2025 Tuesday | 1.00 pm - 05.00 pm | ECO-512 | International Trade Policy | 404(B) |
| 20/11/2025 Thursday | | | Viva | |

বিশেষ নির্দেশাবলী:-

১. পরীক্ষার্থীরা প্রবেশপত্র পরীক্ষা শুরু হওয়ার কমপক্ষে ০৩ (তিন) কর্মদিবস পূর্বে স্ব-স্ব বিভাগ থেকে সংগ্রহ করবে।
২. পরীক্ষা শুরুর ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে পরীক্ষার্থীকে অবশ্যই পরীক্ষা কক্ষে আসন গ্রহণ করতে হবে।
৩. পরীক্ষা শুরুর ০১ (এক) ঘণ্টার মধ্যে কোনো পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবে না।
৪. পরীক্ষার হলে মোবাইল ফোন, স্মার্ট ঘড়ি, ব্যাগ, বই, লিখিত নোট বা অন্য কোনো অননুমোদিত উপকরণ/ইলেক্ট্রনিক্স ডিভাইস বহন করা সম্পূর্ণ নিষিদ্ধ; এসব পাওয়া গেলে তা পরীক্ষায় শৃঙ্খলা ভঙ্গজনিত অপরাধ হিসেবে গণ্য হবে।
৫. প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ড ছাড়া কোনোভাবেই পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না।
৬. দায়িত্বপ্রাপ্ত শিক্ষক ও ইনভিজিলেটরগণ নকল প্রতিরোধে সর্বদা সতর্ক ও তৎপর থাকবেন।
৭. পরীক্ষার সময় নকল বা অনৈতিক কোনো কার্যকলাপে জড়িত পাওয়া গেলে বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা পরিচালনা ও শৃঙ্খলা বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।
৮. পরীক্ষার পরিবেশ সুষ্ঠু ও নকলমুক্ত রাখতে সকলের সহযোগিতা কাম্য।
৯. নির্ধারিত সময়সূচি অনুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে।

০৫-১১-২০২৫
মোহাম্মদ এমদাদুল হক
পরীক্ষা নিয়ন্ত্রক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। ডিন, সামাজিক বিজ্ঞান অনুষদ, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।
- ২। রেজিস্ট্রার, রেজিস্ট্রার দপ্তর, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।
- ৩। চেয়ারম্যান, অর্থনীতি বিভাগ, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।
- ৪। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পরিবহন শাখা, নেত্রকোণা বিশ্ববিদ্যালয় (যানবাহনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৫। উপ-রেজিস্ট্রার, একাডেমিক শাখা, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।
- ৬। প্রোগ্রামার, আইসিটি সেল, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৭। সংশ্লিষ্ট পরীক্ষা কমিটির সভাপতি, অর্থনীতি বিভাগ, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।

৮। পি. এস. টু ভাইস-চ্যান্সেলর, ভাইস-চ্যান্সেলর দপ্তর, নেত্রকোণা বিশ্ববিদ্যালয় (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৯। ট্রান্সপোর্ট অফিসার (অতিরিক্ত দায়িত্ব), পরিবহন শাখা, নেত্রকোণা বিশ্ববিদ্যালয় (যানবাহনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

১০। নিরাপত্তা কর্মকর্তা, নিরাপত্তা শাখা, নেত্রকোণা বিশ্ববিদ্যালয় (প্রয়োজনীয় নিরাপত্তার ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হলো)।

১১। অফিস নথি, পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা।

